

ফতওয়া নং ২৮৫

প্রশ্ন:

আমাদের মহল্লায় তিন দিন এতেকাফে বসেন তো কতদিন বসার নিয়ম মসজিদে এতেকাফ। মহল্লা বাসীর তরফ থেকে এতেকাফে বসানো হয় তিন দিন। সঠিক উত্তর দেবেন। কতদিন বসতে হবে।

উত্তর:

রমাযানের পুরো শেষ দশক অর্থাৎ ২০শে রমাযান সূর্যাস্তের পূর্ব হতে ঈদের চাঁদ দেখা যাওয়া পর্যন্ত (৯/১০দিন) এতেকাফ করা সুন্নতে মুয়াক্কাদাহ্ আলাল কিফায়াহ্। এর কম এতেকাফের দ্বারা সুন্নতে মুয়াক্কাদাহ্ আদায় হবে না।

নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমাযানের শেষ দশকে ইতিকাফ করতেন। তাঁর ওফাত পর্যন্ত এই নিয়মই ছিল। এরপর তাঁর সহধর্মীগণও (সে দিনগুলোতে) ইতিকাফ করতেন। (সহিহ বুখারী, হাদিস নং

নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতি রমাযানে দশ দিনের ইতিকাফ করতেন। যে বছর তিনি ইন্তিকাল করেন সে বছর তিনি বিশ দিনের ইতিকাফ করেছিলেন। (সহিহ বুখারী, হাদিস নং ২০৪৪)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৫ শা'বান, ১৪৪৫ হিজরী (25/02/2024)